



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-বিবিধ/ ৬২৫

তারিখ: ২২/০৬/২০২৬

নোটিশ

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি সংক্রান্ত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২০৪৩/২০১৩ এর রায় মোতাবেক কর্তনকৃত অংশ প্রসঙ্গে।

সূত্র: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং ২০৪৩/২০১৩ এর ০১/০৬/২০১৬ তারিখের রায়।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং ২০৪৩/২০১৩ এর রায়ের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি গঠন সংক্রান্ত প্রবিধানমালা, ২০০৯ এর নিম্নলিখিত ধারাসমূহ বাতিল করা হয়েছে :

ধারা-৫। গভর্নিং বডির সভাপতি মনোনয়ন।-(১) কোন স্থানীয় নির্বাচিত সংসদ সদস্য তাহার নির্বাচনী এলাকায় অবস্থিত বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত এমন সংখ্যক উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতির দায়িত্ব গ্রহণ করিতে পারিবেন যেন উক্ত এলাকায় অবস্থিত, এই প্রবিধানমালার আওতাভুক্ত নহে এইরূপ অন্যান্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসহ, তাহার এইরূপ দায়িত্ব গ্রহণকৃত শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা চার এর অধিক না হয়।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন সভাপতির দায়িত্ব গ্রহণের জন্য স্থানীয় নির্বাচিত সংসদ সদস্য, তাহার নির্বাচনী এলাকায় অবস্থিত যে সকল উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের দায়িত্ব গ্রহণ করিতে ইচ্ছুক তাহার উল্লেখসহ, লিখিতভাবে এই প্রবিধানমালার অধীন বোর্ডের চেয়ারম্যানের নিকট তাহার অভিপ্রায় ব্যক্ত করিবেন এবং উক্ত অভিপ্রায় পত্র সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানসমূহের সভাপতি হিসাবে তাহার মনোনয়নরূপে গণ্য হইবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ব্যতিত অন্যান্য।

ধারা-৫০। বিশেষ ধরনের গভর্নিং বডি বা ম্যানেজিং কমিটি।-(১) প্রবিধান ৪, ৭ ও ৪৯ এ যাহা কিছুই থাকুক না কেন, বিশেষ পরিস্থিতিতে, বোর্ড এবং সরকারের পূর্বানুমোদনক্রমে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য বিশেষ ধরনের গভর্নিং বডি বা, ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটি গঠন করা যাইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন গঠিত গভর্নিং বডি বা, ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটিতে দুইজন শিক্ষক সদস্য, তিনজন অভিভাবক সদস্য, একজন সদস্য-সচিব এবং সভাপতি থাকিবেন।

চেয়ারম্যানের আদেশক্রমে


২২/০৬/২০২৬

ড. মোঃ আশফা কুস সালেহীন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।


অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ,
ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়।

মেমো নং-

তারিখ:

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। অফিস কপি।


২২/০৬/২০২৬

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।